

PRINT

# সমকাল

## প্রাথমিক বিদ্যালয়ে সংস্কৃতি ও শরীরচর্চা শিক্ষক নিয়োগ হবে - গণশিক্ষা প্রতিমন্ত্রী

১১ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

ঢেলে সাজানো হচ্ছে প্রাথমিক পর্যায়ের শিক্ষাকে। এজন্য নানা ধরনের পরিবর্তন আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কাজও শুরু হয়েছে সেসব নিয়ে। পড়ালেখার পাশাপাশি খেলাধুলা ও সঙ্গীতের ওপর শিশু শিক্ষার্থীদের পারদর্শী করতে সংস্কৃতি ও শরীরচর্চা বিষয়ে দ্রুত শিক্ষক নিয়োগ দেওয়া হবে। কথাগুলো বলেছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। গতকাল সোমবার রাজধানীর মিরপুরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে (ডিপিই) আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৯ ও আন্তঃপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জাকির হোসেন বলেন, আধুনিক রাষ্ট্র প্রতিষ্ঠা করতে যোগ্য করে তুলতে হবে আজকের শিশুদের। মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে এর জন্য। সরকারের পাশাপাশি অভিভাবকদেরও সচেতনতা বাড়াতে হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষার্থী পুষ্টিহীনতায় ভুগছে। তাদের পুষ্টিকর খাবার দিয়ে পুষ্টিহীনতা দূর করতে হবে। এজন্য আমরা স্কুল ফিডিং কার্যক্রম শুরু করেছি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

